- عَضَّ : বাবে سَمِعَ থেকে ماضى معروف এর واحد مذکر غائب এর সীগা। অর্থঃ কাটা, কর্তন করা। عَاصَتْ الذَّوَابُ : অর্থঃ কাটা। عَلَيْهِ - بِه : অধিক পরিমাণে কাটা। পতঙ্গদের একে অপরকে কামড়া কামড়ি করা।
- اخْتَلَفَ : বাবে اِنْفَعَلَ থেকে ماضى معروف এর واحد مذکر غائب এর সীগা। অর্থঃ সে মতবিরোধ করেছে।
- هَرَبَ : বাবে ضَرَبَ থেকে ماضى معروف এর واحد مذکر غائب এর সীগা। অর্থঃ সে ভেগে গিয়েছে।

فَمَرَّ بِهِمَا بِأَقْلُ الرِّبْعِيَّ فَتَحَا كَمَا إِلَيْهِ فَقَالَ الْقَوُّهُ فِي
الْمَاءِ فَإِنْ رَسَبَ فَهُوَ مِنْ بَنِي رَاسِبٍ وَإِنْ طَفَا فَمِنْ بَنِي
طَفَاوَةٍ

(১২) أَعَرِ ابْنِي لِقَىٰ آخَرَ فَقَالَ مَا اسْمُكَ ؟ قَالَ فُبَيْضُ ، فَقَالَ ابْنُ
مَنْ ؟ قَالَ ابْنُ الْفُرَاتِ ، قَالَ أَبُومَنْ ؟ قَالَ أَبُو بَحْرِ ، قَالَ
لَيْسَ لَنَا أَنْ نُكَلِّمَكَ إِلَّا فِي زُورَقٍ -

(১৩) أَضَافَ رَجُلٌ رَجُلًا فَاطَالَ الْمُقَامُ حَتَّى كَرِهَهُ ، فَقَالَ الرَّجُلُ
لِامْرَأَتِهِ كَيْفَ لَنَا أَنْ نَعْلَمَ مَقْدَارَ مُقَامِهِ فَقَالَتْ لَهُ أَلِقِ
بَيْنَنَا شَرًّا حَتَّى نَتَحَا كَمَا إِلَيْهِ ، فَفَعَلَ ،

বাকিলরবয়ী তাদের পাশ দিয়ে অতিক্রম করছিলেন। উভয়ে তার
নিকট সমাধান চাইল। তিনি আদেশ করলেন তাকে পানিতে নিক্ষেপ কর।
যদি সে ডুবে যায়, তবে সে রাসেব (ডুবন্ত) গোত্রের। আর যদি ভেসে
উঠে তবে সে তাফাওয়াহ (ভাসমান) গোত্রের লোক।

(১২) জনৈক বেদুইন অপর একব্যক্তির সাক্ষাত পেল। তাকে জিজ্ঞেস করল,
তোমার নাম কি। উত্তর দিল ফয়েজ। আবার জিজ্ঞেস করল তুমি কার
পুত্র উত্তর দিল ফুরাতের পুত্র। জিজ্ঞেস করল কার পিতা। উত্তর দিল বাহর
(সমুদ্র) এর পিতা। অবশেষে বেদুইন বলল নৌকায় ছাড়া তোমার সাথে
আমার কথা বলা ঠিক নয়।

(১৩) এক ব্যক্তি অপর এক ব্যক্তির মেহমান হয়েছিল। মেহমান দীর্ঘদিন অবস্থা
করল। অবশেষ গৃহকর্তা তাকে অপছন্দ করল। গৃহকর্তা স্ত্রীকে বলল,
আমরা তার অবস্থানকাল সম্পর্কে কিভাবে অবগত হতে পারি? স্ত্রী পরামর্শ
দিয়ে বলল, আমাদেরমধ্যে কলহ সৃষ্টি করে তার নিকট মীমাংসা প্রার্থনা
করা যাক। কর্তা তাই করল।

○ تَحَاكَمَا : বাবে تَفَاعُل থেকে ماضى معروف এর تَحَاكَمَا এর সীগা।
অর্থঃ তাহারা উভয়ে সমাধান চাইল।

○ رَسَبَ : বাবে نَضَرَ থেকে واحد مذكر غائب এর সীগা। অর্থঃ সে ডুবে গিয়েছে।

○ طَفَا : বাবে نَضَرَ থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর সীগা। অর্থঃ পানিতে
ভেসে থাকা, ডুবে না যাওয়া।

○ زُورَقٌ : নৌকা, কিস্তি, জাহাজ। বহুবচন زُورَقٌ

فَقَالَتِ الْمَرْأَةُ لِلضَّيْفِ بِإِذْنِي يُبَارِكُ لَكَ فِي غَدٍ وَكَ غَدِ الْإِنَّا
أَظْلَمُ فَقَالَ وَالَّذِي يُبَارِكُ لِي فِي قِيَامِي عِنْدَكُمْ شَهْرًا
مَا أَعْلَمُ -

(১৪) قَالَ رَجُلٌ لِصَاحِبِ مَنْزِلٍ أَصْلَحْ خَشَبَ هَذَا السَّقْفِ فَإِنَّهُ
يُفَرِّقُ، قَالَ لَا تَخَفْ فَإِنَّهُ يُسْتَبَحُّ، قَالَ أَخَافُ أَنْ تُدْرِكَهُ رِقَّةٌ
قَلْبٍ فَيَسْجُدَ -

(১৫) قَالَ أَحْمَقُ لِإِبْنِهِ أَيَّ يَوْمٍ صَلَّيْنَا الْجُمُعَةَ فِي الْمَسْجِدِ قَالَ
نَسِيتُ وَلَكِنِّي أَظُنُّ يَوْمَ الثَّلَاثَاءِ قَالَ صَدَقْتَ كَذَاكَ -

ফলে স্ত্রী অতিথিকে লক্ষ্য করে বলল, যে সত্তা আগামীকাল প্রভাতে
আপনার প্রস্থানের বরকত দান করবেন, তার শপথ, বলুন তো আমাদের
মধ্যে কে অধিক অত্যাচারী। মেহমান প্রতি উত্তরে বলল। ঐ বরকত ময়
সত্তার কসম, যিনি আমাকে তোমাদের নিকট একমাস অবস্থান করাবেন,
আমি অবগত নই।

(১৪) জনৈক ব্যক্তি গৃহ কর্তাকে বলল, এ ছাদের (লাকড়ি) কাঠটা ঠিক করে
নিন। কারণ উহা মটমট শব্দ করে। মালিক উত্তর দিল ভয় করো না
তসবীহ পাঠ করছে। লোকটি বলল আশংকা করছি যে, তার মন যদি
কোমাল হয়ে যায়, তবে সে সিজদায় অবনত হবে।

(১৫) জনৈক নেবোধ ব্যক্তি পুত্রকে জিজ্ঞেস করল। আমরা মসজিদে কোন দিন
জুমার নামাজ পড়েছিলাম। সে বলল, আমি ভুলে গিয়েছি। তবে আমার
ধারণা হয়, মঙ্গলবারে। পিতা বলল সত্যই বলোছ, এমনই ছিল।

○ **يُفَرِّقُ** : বাবে **بَفَرَّقَ** থেকে **مضارع** এর **واحد مذكر غائب** এর সীগা। অর্থঃ
কটমট শব্দ করা।

○ **يُسْتَبَحُّ** : বাবে **تَفَعَّلَ** থেকে **مضارع** এর **واحد مذكر غائب** এর সীগা। অর্থঃ
তাসবীহ পাঠ করা।

○ **يَسْجُدُ** : বাবে **نَصَرَ** থেকে **مضارع** এর **واحد مذكر غائب** এর সীগা। অর্থঃ সে
সেজদা করে।

○ **نَسِيتُ** : বাবে **سَمِعَ** থেকে **مضارع** এর **واحد متكلم** এর সীগা। অর্থঃ আমি
ভুলে গিয়েছি।

- (১৬) اِسْتَرَى بَعْضُ الْمُغْفَلِينَ دَقِيقًا وَاَعْطَاهُ لِحْمًا، فَلَمَّا دَخَلَ فِي الرِّحَامِ هَرَبَ الْحِمْلُ بِالدَّقِيقِ فَرَأَاهُ الْمُغْفَلُ بَعْدَ اَيَّامٍ فَتَوَارَى مِنْهُ وَقَالَ اخَافُ اَنْ يُطَالِبَنِي بِالْاُجْرَةِ -
- (১৭) دَخَلَ طِفْلِي عَلَى قَوْمٍ يَأْكُلُونَ فَقَالَ مَاذَا كُلُّونَ قَالُوا اَمِنْ بَعْضِهِ سَمَاءً فَادْخَلَ يَدَهُ فِي الطَّسْتِ وَقَالَ الْحَيَوَةُ بَعْدُكُمْ حَرَامٌ -
- (১৮) مَرَّ بَعْضُهُمْ بِرَجُلٍ لَسَعَتْهُ عَقْرَبٌ، قَالَ اَتَعْرِفُ لِهَذَا دَوَاءً فَقَالَ نَعَمْ، الصَّبَاحُ اِلَى الصَّبَاحِ -
- (১৯) وَقَعَ نَحْوِي فِي كُزَيْفٍ فَجَاءَهُ كَنَاسٌ لِيُخْرِجَهُ فَصَاحَ بِهِ كَنَاسٌ لِيَعْلَمَ اَحَى اَمْ لَا ،

- (১৬) এক বোকা লোক আটা ক্রয় করে কুলিকে দিয়েছিল বহন করার জন্য সে যখন ভীড়ের মধ্যে প্রবশে করল, কুলি আটা নিয়ে পালিয়ে গেল কয়েক দিন পর বোকা লোকটি তাকে দেখে আড়ালে লুকিয়ে পড়ল এবং বলল আমার আশংকা হয় যে, সে আমার নিকট পারিশ্রমিক দাবী করবে।
- (১৭) জনৈক তুফায়লী (অগাছন) ব্যক্তি পানাহারে রত কতিপয় লোকের নিকট গিয়ে জিজ্ঞেস করল, আপনারা কি খাচ্ছেন তার প্রতি বিদ্রোষ পোষন করে তারা উত্তর দিল বিষ। ফলে প্লেটের মধ্যে হাত ঢুকিয়ে দিয়ে বলল আপনাদের ইন্তেকালের পর আমার জীবিত থাকা হারাম।
- (১৮) এক লোক এমন এক ব্যক্তির পাশ দিয়ে যাচ্ছিল যাকে বিছু দংশন করেছে। সে জিজ্ঞেস করল, এ দংশনের কোন ঔষধ আপনার জানা আছে কি? উত্তর দিল হা ভোর পর্যন্ত চিতকার করা
- (১৯) জনৈক নাহশাস্ত্রে বিশেষজ্ঞ পায়খানার মধ্যে পতিত হলে মেথর তাকে উদ্ধার করার জন্য আসল। মেথর চিৎকার দিল। তিনি জীবিত না মৃত তা বুঝবার জন্য।

- صَاح : বাবে ضَرَبَ থেকে ماضى معروف এর সীগা। অর্থ: সে চিতকার দিল।
- تَوَارَى : বাবে تَغَلَّلَ থেকে ماضى معروف এর সীগা। অর্থ: সে আড়ালে লুকিয়ে পড়লো। اِسْتَوْرَى الرَّئِدُ : আগুন বের করা, বলা হয় اِسْتَوْرَيْنَاهُ رَأَيْنَاهُ : আমি তার রায় জিজ্ঞাসা করিয়াছি।
- لَسَعَتْ : বাবে فَتَحَ থেকে ماضى معروف এর সীগা। অর্থ: সে দংশন করেছে, বিছুর দংশনের জন্য لَسَعَ আর সাপের দংশনের জন্য لَدَغُ ব্যবহার হয়। لَسَعَهُ بِلِسَانِهِ : দোষি সত্যস্ত করা। لَسَعَ فِي الْأَرْضِ : সফর করা, ভ্রমণ করা।

فَقَالَ لَهُ النَّحْوِيُّ أَطْلُبَ لِي حَبْلًا دَقِيقًا وَشَدَلِي شَدًّا
وَتِيْقًا وَأَجِدْ بِنِي جَذْبًا رَفِيقًا ، فَقَالَ الْكَتَّاسُ إِمْرَأَتِي
طَالِقٌ إِنْ أَخَرْتُكَ مِنْهُ-

(২০) وَصَفْتُ أَعْرَابِيَّةً ضَرَّتْهَا فَقَالَ لَتْ إِنْ أَعَجَنْتُ أَمَرْتُ وَإِنْ
طَبَخْتُ أَحَرْتُ وَإِنْ كَنَسْتُ خَطَطْتُ وَإِنْ غَزَلْتُ مَطَطْتُ
وَإِنْ قَالَتْ حَرْتُ وَإِنْ أَكَلْتُ أَقَرْتُ لَهُوَ جَعْتُ لَجُوجَةً عَجُوجُ
زَةً قَدْ مَضَى خَيْرُهَا وَبَقِيَ شَرُّهَا-

(২১) أَتَى الْمَا مُونُ بِرَجُلٍ إِذْ عَلَى النُّبُوَّةِ، فَقَالَ لَهُ أَلَيْكَ عِلَامَةٌ
قَالَ عِلَامَتِي أَتَى أَعْلَمُ مَا فِي نَفْسِكَ، قَالَ وَمَا فِي نَفْسِي

নাহবিদ বললেন আমার জন্য একটি চিকন রশি নিয়ে এস। এবং তা দ্বারা আমাকে মজবুত করে বেধে হালকা ভাবে টান দাও। মেথর উত্তর দিল আপনাকে যদি আমি ওখান থেকে উদ্ধার করি তবে আমার স্ত্রীকে তালাক। (২০) জনৈক বেদুইন মহিলা তার সতীনের গুণ বর্ণনা করে বলল খামীর তৈরী করলে সে পানি করে ফেলে, রান্না করলে পুড়ে ফেলে, ঝাড়ু দিলে দাগ রেখে দেয়, সুখা কাটলে মুখ বাকা করে, কথা বললে মন ভেঙ্গে দেয়, আহাির করলে, দোষ বের করে, সে লোভিনী, ঝগড়াটে, বৃদ্ধা। তার কল্যান নিঃশেষ হয়ে গিয়েছে আর অনিষ্ট (ক্ষতি) অবশিষ্ট রয়েছে।

(২১) নবুয়াতদাবী করেছিল এমন এক ব্যক্তিকে খলিফা মামুনের দরবারে হাজির করা হয়। তিনি জিজ্ঞেস করেন, তোমার নিকট কোন আলামত আছে কি। উত্তর দিল, আমার আলামত হল আপনার মনে কি আছে তা আমি জানি। বললেন, বলত আমার মনের মধ্যে কি আছে।

○ أَجْزَبَ : বাবে ضَرَبَ থেকে امر معروف এর সীগা। অর্থঃ তুমি টান দাও।

○ وَصَفْتُ : বাবে ضَرَبَ থেকে ماضی معروف এর সীগা। অর্থঃ সে (এক. ম.) বর্ণনা করেছে।

○ أَعَجَلْتُ : বাবে أَفْعَال থেকে ماضی معروف এর সীগা। অর্থঃ সে একজন মহিলা খামির তৈরী করলো। বাবে أَفْعَال থেকে ماضী معروف এর সীগা। অর্থঃ সে একজন মহিলা পানি করে দিল।

○ كَنَسْتُ : বাবে ضَرَب থেকে ماضی معروف এর সীগা। অর্থঃ সে একজন মহিলা ঝাড়ু দিল।

○ أَحْرَقْتُ : বাবে أَفْعَال থেকে ماضী معروف এর সীগা। অর্থঃ সে একজন মহিলা পুড়ে ফেললো।

قَالَ فِى نَفْسِكَ اِنِّى كَاذِبٌ قَالَ صَدَقْتَ، ثُمَّ اَمَرَ بِهٖ اِلَى السِّجْنِ
فَاَقَامَ فِيْهِ اَيَّامًا ثُمَّ اَخْرَجَهُ فَقَالَ لَهُ هَلْ اَوْحَى اِلَيْكَ شَيْءٌ، قَالَ لَا
قَالَ وَلِمَ قَالَ اِنَّ الْمَلٰٓئِكَةَ لَا يَدُ خُلُوْنَ فِى الْحُبُوْسِ -

(২২) اُتِىَ بِاِمْرَاۃٍ تَنْبَاۗتُ فِىْ اَيَّامِ الْمَتَوَكِّلِ فَقَالَ لَهُ اَنْتِ نَبِيَّةٌ ؟
قَالَتْ نَعَمْ قَالَ اَتُوْمِنِىْنَ بِمُحَمَّدٍ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَتْ نَعَمْ
، قَالَ فَاِنَّهُ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَا نَبِىَّ بَعْدِىْ قَالَتْ فَهَلْ قَالَ
لَا نَبِيَّةَ بَعْدِىْ - فَضَحِكَ مِنْهُ، وَخَلٰى سَبِيْلَهَا -

(২৩) تَنْبَاۗتٌ رَّجُلٌ فِى زَمَنِ الْمَأمُوْنِ فَقَالَ لَهُ اُرِيْدُ مِنْكَ بَطِيْخًا فِى
هٰذِهِ السَّاعَةِ فَقَالَ لَهُ اَمِهْلَنِىْ ثَلَاثَةَ اَيَّامٍ قَالَ مَا اُرِيْدُ اِلَّا السَّاعَةَ

উত্তর দিল। আপনার মন বলছে যে আমি মুখ্যক। খলিফা বললেন, ঠিক বলেছ। অতপর আদেশ দিলেন তাকে কয়েদখানায় নিক্ষেপ করতে। সে সেখানে কিছুদিন অবস্থান করল। পুনরায় তাকে বের করা হল। তারপর খলিফা জিজ্ঞেস করলেন। তোমার নিকট কোন প্রত্যাদেশ (ওহী) অবতীর্ণ হয়েছে কি। উত্তর দিল না। জিজ্ঞেস করলেন, কেন অবতীর্ণ হয়নি। বলল ফেরেশতা কয়েদ খানায় প্রবেশ করে না।

(২২) খলিফা মুতাওয়াক্কিলের আমলে তার দরবারে নবুওয়াতের দাবীদার এক মহিলা আনা হল। তিন তাকে জিজ্ঞেস করলেন, তুমি কি মহিলা নবী। উত্তর দিল হাঁ। আবার জিজ্ঞেস করলেন, তুমি কি হযরত মুহাম্মদ (সা.) এর প্রতি বিশ্বাস স্থাপন কর। উত্তরে বলল, হ্যাঁ। বাদশাহ বললেন হুজুর (সা.) বলেছেন আমার পরে আর কোন নবী হবে না। মহিলা উত্তরে বলল, তিনি (সা.) কি বলেছেন যে, আমার পরে কোন মহিলা নবী হবে না। বাদশাহ তার কথা শুনে হাসলেন এবং তাকে মুক্তি দিলেন।

(২৩) কোনএক ব্যক্তি মামুনের শাসন কালে নবী দাবী করেছিল বাদশাহ বললেন, এই মুহুর্তে তুমি আমাকে একটি তরমুজ এনে দাও। সে তিন দিন সময় দাবী করল। বাদশাহ বললেন ঘন্টা খানেকের মধ্যে চাই।

○ اُخْرِجَ : বাবে اِفْعَال থেকে ماضى معروف এর সীগা। অর্থঃ সে বের করেছে।

○ تَنْبَاۗتٌ : বাবে تَفْعُل থেকে ماضى معروف এর সীগা। অর্থ সে (এক. ম.) নবুওয়াতের দাবী করেছে।

○ اَمِهْلَ : বাবে اِفْعَال থেকে امر معروف এর সীগা। অর্থঃ আমাকে অবকাশ দিন।

قَالَ مَا أَنْصَفْتَنِي يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ إِذَا كَانَ اللَّهُ خَلَقَ السَّمَوَاتِ
وَالْأَرْضَ فِي سِتَّةِ أَيَّامٍ مَا يُخْرِجُهُ إِلَّا فِي ثَلَاثَةِ أَشْهُرٍ فَمَا تَصِيرُ
أَنْتَ عَلَى ثَلَاثَةِ أَيَّامٍ فَضَحَكَ الْمَا مُونُ وَوَصَلَهُ.

(২৮) قِيلَ لِرَجُلٍ كَثُرَ الذَّبَابُ قَالَ إِي وَاللَّهِ يَمُوتُ وَلَا يَذْفِقُونَهُ

(২৯) قِيلَ لِبَهْلُولٍ عَدَدَ لَنَا الْمَجَانِينَ- قَالَ هَذَا يَطُولُ
وَلَكِنِّي أَعَدُّ الْعُقَلَاءَ-

(৩০) تَبَخَّرَ رَجُلٌ يَوْمًا فَاحْتَرَقَتْ ثِيَابُهُ فَقَالَ وَاللَّهِ لَا
أَتَبَخَّرُ الْأَعْرَبَانَا- وَرَكِبَ يَوْمًا حِمَارًا وَعَقَدَ ذَنْبُهُ فَقَالُوا
لِمَا فَعَلْتَ ذَلِكَ قَالَ لِأَنَّهُ يُقَدِّمُ بِهِ السَّرَجَ-

সে বলল হে আমীরুল মুমিনীন। আপনি আমার প্রতি সুবিচার করেননি। কারণ যখন আল্লাহ আসমান ও জমিনকে ছয় দিনে পয়দা করেছেন। তিনিই তরমুজকে তিন মাসে সৃষ্টি করেন। অথচ আপনি তিন দিনের জন্য ধৈর্য ধরছেন না। তার (বক্তব্য শ্রবনে) বাদশাহ হেসে দিলেন এবং তাকে পুরুষত্ব করলেন।

(২৪) এক ব্যক্তিকে বলা হল, মশা বৃদ্ধি পেয়েছে। লোকটি প্রতি উত্তরে বলল, আল্লাহর শপথ মশা মরে গেলে তাকে দাফন করতে হবে না।

(২৫) একবার বাহলুলকে ডেকে বলা হল, আমাদের নিকট পাগলের সংখ্যা হিসেব করা। সে উত্তর দিল, এ সংখ্যা অনেক দীর্ঘ হবে। তবে আমি জ্ঞানীদের সংখ্যা হিসেব করতে পারে।

(২৬) একদিন একলোক ধুনি (সুগন্ধি কাঠ পুড়িয়ে) নিতেছিল। ফলে তার কাপড় চোপড় জ্বলে গিয়েছিল, তাই আল্লাহর কসম খেয়ে বলেছিল, আমি ধুনি লাগাবো উলঙ্গ হয়ে। আরেক দিন গাধার উপর চড়েছিল এবং তার লেজ বেধে রেখেছিল। লোকেরা জিজ্ঞেস করল এমন করেছ কেন? উত্তর দিল কারন উহা দ্বারা সে জীন সামনে (দূরে) সরিয়ে দেয়।

○ مَا أَنْصَفْتُ : বাবে أفعال থেকে نفي فعل ماضی معروف এর সীগা
অর্থঃ আপনি সুবিচার করেননি।

○ لَا يَذْفِقُونُ : বাবে ضَرَبَ থেকে نفي فعل مضارع معروف এর সীগা। অর্থঃ তাহারা দাফন করেনা।

○ تَبَخَّرَ : বাবে تَفَعَّلَ থেকে نفي فعل ماضی معروف এর সীগা। অর্থঃ ৫
(একজন পুঃ) সুগন্ধি কাঠ পুড়িয়ে ধুনি নিল।

○ احترقت : বাবে افتعال থেকে نفي فعل ماضی معروف এর সীগা। অর্থঃ
জ্বলে যাওয়া। পুড়িয়ে যাওয়া।

(২৭) عَادَ رَجُلٌ مَرِيضًا فَقَالَ لِأَهْلِهِ أَجِرْكُمْ اللَّهُ فَقَالُوا لِمَ
يَمُتُ بَعْدُ فَقَالَ سَيَمُوتُ إِنْ شَاءَ اللَّهُ -

(২৮) قِيلَ لِرَجُلٍ قَدْ زَادَ سَعْرَ الدَّقِيقِ قَالَ لَا أَبَالِي، لِأَنِّي أَشْتَرِي الْخُبْزَ
وَأَتَاهُ غَلَامٌ بِقَرِيجٍ وَقَالَ أَنْظِرْ مَا أَشْبَهَهُ بِأُمِّهِ قَالَ أُمُّهُ ذَكَرٌ أَوْ أُنْثَى؟
(২৯) نَظَرَ إِنْسَانٌ إِلَى بَهْلُولٍ يَأْكُلُ تَمْرًا وَبَبْلُعٍ نَوَاهُ فَقِيلَ لَهُ
لَا تَرْمِي نَوَاهُ فَقَالَ هَكَذَا وَزَنَ عَلَيَّ وَحَمَلُ جَرَّةٍ يَوْمًا إِلَى
السُّوقِ لِيَبِيعَهَا فَقَالُوا هِيَ مَثْقُوبَةٌ فَقَالَ لَيْسَتْ تَسِيلُ
فَاتَّهَ كَانَ فِيهِ قُطْنٌ لِوَالِدَتِي فَمَا سَأَلَ مِنْهُ شَيْئٌ -

(২৭) জনৈক ব্যক্তি একজন রোগীর সেবায়ত্ত্ব করে তার পরিবারকে বলছিল,
আল্লাহ আপনাদেরকে বিনিময় দান করুন। তারা জিজ্ঞাসা করল, এরপর কি
সে মরবে না। সে বলল, ইনশাআল্লাহ অচীরেই সে ইন্তেকাল করবে।

(২৮) এক ব্যক্তিকে বলা হল, আটার দাম বৃদ্ধি পেয়েছে। সে বলল, আমি রুটি
ক্রয় করি। তাই কোন পরোয়া করি না। একজন বালক একটি পাখির ছানা
নিয়ে তার নিকট আসল। সে বলল, দেখুন মায়ের সঙ্গে বাচ্ছাটির কতইন
সুন্দর সাদৃশ্য। তখন লোকটি বলল উহার মা পুরুষ না স্ত্রী

(২৯) এক ব্যক্তি বাহুলুলের দিকে তাকিয়ে দেখলো সে খেজুর খাচ্ছে এবং বীজ
গিলে ফেলছে। তাকে বলা হয়, তুমি বীজ ফেলে দিচ্ছ না কেন। উত্তরে সে
বলল, এভাবেই আমাকে ওজন করে দেয়া হয়েছে। অন্য একদিন বাহুলুল
একটি কলস বিক্রি করার জন্য বাজারে বহন করে নিয়ে যাচ্ছিল তখন
লোকেরা বলল, এটি ছিদ্র যুক্ত। উত্তর দিল এতে পানি ঝরবে না। কারণ তার
মধ্যে আমার মায়ের তুলা ছিল। অথচ তা থেকে কিছুই ঝরে পড়েনি।

عِيَادًا : বাবে نَصَرَ থেকে ماضى معروف এর واحد مذکر غائب এর সীগা। মাসদার عِيَادًا
: عَوْدُ فَلَانًا : রুগীর সেবা যত্ন করা। الرِّئُصُ : অর্থ : عِيَادَةٌ -

يَمُوتُ : বাবে نَصَرَ থেকে مضارع معروف এর واحد مذکر غائب এর সীগা। অর্থ : মৃত্যু
বরণ করা। مَاتَ النَّارُ : বাতাস বন্ধ হয়ে যাওয়া। مَاتَ الرِّيحُ : আগুন নিভিয়ে
যাওয়া। مَاتَ الثَّوْبُ : জুরের ত্রিব্রতা কমিয়ে যাওয়া। مَاتَ الْحُمَّى : কাপড়
পুরাতন হয়ে যাওয়া।

(৩০) نَظَرَ أَحْمَقٌ فِي الْمِرَاةِ فَقَالَ اللَّهُمَّ سَوِّدْ وَجْهَ هَذَا يَوْمَ تَسْوَدُ وَجْهَهُ وَيَبْيَضُ وَجْهَ هَذَا يَوْمَ تَبْيَضُ وَجْهَهُ-

(৩১) مَاتَتْ بِنْتُ رَجُلٍ فَذَهَبَ لِيَشْتَرِيَ لَهَا كَفْنًا فَلَمَّا بَلَغَ الْبِرَازِينَ رَجَعَ مُسْرِعًا وَقَالَ لَا تَحْمِلُوهَا حَتَّى أَجِيءَ-

(৩২) صَلَّى رَجُلٌ بِقَوْمٍ يَوْمًا وَفِي كُفِّهِ جِرْوُ كَلْبٍ فَلَمَّا رَكَعَ سَقَطَ الْجِرْوُ وَصَاحَ وَتَنَحَّنَحَ النَّاسُ فَالْتَفَتَ إِلَيْهِمْ وَقَالَ إِنَّهُ سَلُوقِي عَافَاكُمْ اللَّهُ سَلَمَتُهُ أُمُّهُ لِبِرَازٍ- فَقَالَتْ بَعْدَ حَوْلَيْنِ مَاذَا تَعَلَّمْتَ قَالَ تَعَلَّمْتُ النَّشْرَ وَبَقِيَ الطِّيُّ-

(৩০) আয়নার মধ্যে এক বোকা ব্যক্তি তাকিয়ে বলল, হে আল্লাহ যে দিন চেহারা সমূহ কালো হবে সেদিন আমাদের চেহারা সমূহকে কালো করে দিও আর যেদিন চোহরা সমূহ সাদা হবে সেদিন আমাদের চেহারা সমূহকে শুভ্র করে দিও।

(৩১) জনৈক ব্যক্তির কন্যা মারা গেল। সে কাফনের কাপড় ক্রয় করতে গেল। কাপড়ের বিক্রেতার নিকট গিয়ে দ্রুত ফিরে এসে বলল আমি ফিরে না আসা পর্যন্ত তোমরা তাকে বহন করবে না।

(৩২) একদা এক ব্যক্তি লোকদের সঙ্গে নামাজ আদায় করল, তখন তার জামার হাতার ভিতরে একটি কুকুর ছানা ছিল। সে ঝুঁকু দিলে ছানাটি পড়ে গেল এবং ঘেউ ঘেউ শব্দ করল। নামাজরত লোকেরা গলা খাকার দিল। লোকটি তাদের দিকে তাকিয়ে বলল, এটি সালুকী (কুকুর) আল্লাহ তোমাদের মাফ করুক। এর মা একে এক কাপড় বিক্রেতার নিকট হস্তান্তর করেছিল। দুইবৎসর পর জিজ্ঞেস করল, তুমি কি শিখেছ। উত্তর দিল কাপড় খুলতে শিখেছি। তার ভাঁজ করা বাকী রয়ে গিয়েছে।

○ سَوِّدْ : বাবে تَفْعِيل থেকে امر معروف এর واحد مذکر حاضر এর সীগা। অর্থ আপনি কালো করে দিন।

○ يَبْيَضُ : বাবে تَفْعِيل থেকে امر معروف এর واحد مذکر حاضر এর সীগা। অর্থ: আপনি শুভ্র করে দিন।

○ لَا تَحْمِلُوهَا : বাবে ضَرَبَ থেকে امر معروف এর جمع مذکر حاضر এর সীগা। অর্থ: তোমরা বহন করবে না।

○ بَقِيَ : বাবে يَتِمُّع থেকে امر معروف এর واحد مذکر غائب এর সীগা। অর্থ: বাকি রয়েছে।

(২৩) نَظَرَ رَجُلٌ يَوْمًا فِي الْمِرْأَةِ فَقَالَ لِإِنْسَانٍ عِنْدَهُ تَرَى لِحَيَّتِي طَالَتْ: قَالَ الْمِرْأَةُ فِي يَدِكَ- قَالَ صَدَقْتَ وَلَكِنَّ الْحَاضِرَ يَزِي مَا لَا يَرَاهُ الْغَائِبُ-

(২৪) يُحَكِّي أَنَّ بَهْلُولًا كَانَ يَأْكُلُ دَجَاجَةً فَقَالَ لَهُ رَجُلٌ أَطْعَمَنِي مِمَّا تَأْكُلُ فَقَالَ هَذَا لَيْسَ لِي وَحَيَاتِكَ - هَذَا دَفَعْتُهَا إِلَى امْرَأَةٍ أَكَلَهَا لَهَا -

(২৫) اِسْتَكَى رَجُلٌ صَاحِبَهُ عَنْ وَجْعِ الْخَاصِرَةِ قَالَ إِنَّهَا كَانَتْ عِلَّةَ أَبِي فَمَاتَ بِهَا فَعَلَيْكَ بِالْوَصِيَّةِ يَا أَخِي فَدَعَا الْمَرِيضُ وَلَدَهُ وَقَالَ أَوْصِيكَ بِهَذَا لَا تَدْعُهُ بِدُخُلِ إِلَيَّ بَعْدُ-

(৩৩) জনৈক ব্যক্তি একদিন আয়নার মধ্যে তাকিয়ে তার পার্শ্বের এক ব্যক্তিকে বলল, আমার দাড়ী দেখেছ কেমন লম্বা হয়েছে। লোকটি বলল ঠিক বলেছ। কিন্তু উপস্থিত ব্যক্তি এমন কিছু দেখে যা অনুপস্থিত ব্যক্তি দেখে না।

(৩৪) ঘটনা বর্ণিত আছে, বাহুলুল (নামের এক লোক) মুরগীর গোশত খাচ্ছিল। এক ব্যক্তি তাকে বলল, আপনি যা খাচ্ছেন তা আমাকে খেতে দিন। বাহুলুল বলল, তোমার হায়াতের কসম। ইহা আদৌ আমার নয়। এক মহিলা আমার নিকট দিয়েছে। আমি খাচ্ছি তার জন্য।

(৩৫) জনৈক ব্যক্তি তার সঙ্গীর নিকট কোমর ব্যথার অভিযোগ তুলে বলল, ইহা আমার পিতার রোগ ছিল। এ রোগেই তিনি ইন্তেকাল করেছেন। সুতরাং হে ভাই আপনি অবশ্যই এ বিষয়ে ওসিয়াত করে যাবেন। তখন রোগী তার পুত্রকে নিকটে ডেকে বলল এ ব্যাপারে আমি তোমাকে ওসিওয়াত করছি। তুমি তা ছেড়ে দিবে না। তাহলে পরে আমার নিকট অনুপ্রবেশ করবে।

○ **يُحَكِّي** : বাবে **ضَرَبَ** থেকে **مُضَارِع** এর **واحدمذكرغائب** এর সীগা। অর্থঃ বর্ণনা করা হয়।

○ **أَطْعَمَنِي** : বাবে **إِفْعَالٌ** থেকে **امر معروف** এর **واحدمذكرحاضر** এর সীগা। অর্থঃ আমাকে খেতে দিন।

○ **اِسْتَكَى** : বাবে **اِفْتَعَالٌ** থেকে **ماضى معروف** এর **واحدمذكرغائب** এর সীগা। অর্থঃ সে অভিযোগ করেছে।

○ **أَوْصَى** : বাবে **إِفْعَالٌ** থেকে **مضارع معروف** এর **واحدمتكلم** এর সীগা। অর্থঃ আমি ওসিয়াত করছি।

(৩৬) غَسَلَ رَجُلٌ يَوْمًا قَمِيصَهُ وَنَشَرَهُ عَلَى حَبْلٍ فَهَبَّتِ الرِّيحُ وَأَلْقَتْهُ عَلَى الْأَرْضِ فَلَمَّا رَأَى ذَلِكَ خَر رَاكِعًا وَقَالَ اْحْمَدُكَ اللَّهُمَّ لِأَنَّهُ لَوْ كَانَ وَقَعَ وَأَنَا مُتَرَدِّدٌ بِهِ لَتَحَطَّمْتُ-

(৩৭) دَعَا الرَّاشِدُ بَهْلُولًا لِيَضْحَكَ مِنْهُ فَلَمَّا دَخَلَ دَعَا لَهُ بِمَائِدَةٍ فَقَدَّمَ إِلَيْهِ خُبْزًا وَحَدَهُ فَوَلَّى هَارِبًا فَقِيلَ لَهُ إِلَى أَيْنَ قَالَ أَجِئْتُكُمْ يَوْمَ الْأَضْحَى فَقَسَى أَنْ يَكُونَ عِنْدَكُمْ لَحْمٌ-

(৩৮) دَفَعَ الْأَحْمَقُ إِلَى الْقَصَّارِ قَمِيصًا فَضَيَّعَهُ وَرَدَّ عَلَيْهِ قَمِيصًا صَغِيرًا قَالَ لَيْسَ هَذَا قَمِيصِي

(৩৬) একদিন জনৈক ব্যক্তি জামা ধৌত করে রশির উপর ছড়িয়ে শুকাতে দিল। বায়ুর প্রবাহে উহা মাটিতে পড়ে যায়। তা দেখে সে নত হয়ে বলল, হে আল্লাহ আমি তোমার প্রশংসা করি, কেননা আমার পরিহিত অবস্থায় যদি সে পড়ে যেত তবে আমি বিচূর্ণ হয়ে যেতাম।

(৩৭) একবার খলিফা হারুনুর রশীদ বাহলুলকে দরবারে ডাকলেন হাসি কৌতুক করার জন্য। অতপর সে প্রবেশ করার পর তার জন্য খানা তলব করলেন। তার সম্মুখে কেবলমাত্র রুটি পেশ করা হয়। তখন সে পিছনে ফিরে ভেগে গেল। তাকে জিজ্ঞেস করা হল, কেথায় যাচ্ছ। উত্তরে বলল কুরবানীর দিন আসবো। সে দিন হয়ত আপনাদের নিকট গোস্ত থাকবে।

(৩৮) জনৈক বোকা ব্যক্তি ধোপার নিকট জামা দিয়েছিল সে উহা বিনষ্ট করে ফেলল এবং তাকে একটি ছোট জামা ফেরত দিল। বোকা লোকটি বলল এটি আমার জামা নয়।

○ **صَبَحَ** : বাবে تَفْعِيل থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর সীগা। অর্থ: সে বিনষ্ট করেছে।

○ **رَدَّ** : বাবে نَصَرَ থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর সীগা। অর্থ: সে ফেরত দিয়েছে।

* **يَضْحَكُ** : বাবে سَمِعَ থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর সীগা। অর্থ: সে হাসতেছে। **صَحَّكَتِ الْأَرْضُ عَنِ النَّبَاتِ** : বিজলি চমকানো। **السَّخَابُ** : উদ্ভিদ উৎপন্ন হওয়া। **طَاحَكَ** : পরস্পর হাসাহাসি করা। **الضَّحْكُ** : অধিক হাসি কৌতুক কারী।

قَالَ بَلْ هُوَ قَمِيصُكَ لَكِنْ فِي كُلِّ غُسْلَةٍ يَنْقُصُ وَيَقْصُرُ -
قَالَ أُحِبُّ أَنْ تُعَلِّمَنِي غُسْلَةَ يَصِيرُ الْقَمِيصُ رِدَاءً -

(৩৮) رَوَى أَنَّ مَجْنُونًا كَانَ يُدْلِي رَجْلَيْهِ فِي قَبْرِ وَيَلْعَبُ فِي
التُّرَابِ فَقِيلَ لَهُ مَا تَصْنَعُ هَهُنَا؟ قَالَ أَجَالِسُ قَوْمًا
لَا يُؤَدُّونَنِي إِنْ حَضَرْتُ وَلَا تَفْتَأُ بُنُونِي إِنْ غَبْتُ -

(৪০) وَقَفَ بِهَلُولٍ عِنْدَ شَجَرَةٍ مَلْسَاءَ فَقَالَ مَنْ يُعْطِينِي نِصْفَ
دِرْهِمٍ فَأَصْعِدُ فَوْقَ النَّاسِ وَأَعْطُوهُ ذَلِكَ فَأَحْرَزُهُ ثُمَّ قَالَ
هَاتُوا سَلَمًا فَقَالُوا أَكَانَ السَّلَمُ فِي الشَّرْطِ؟ فَقَالَ أَكَانَ
الشَّرْطُ بِلَا سَلَمٍ؟

ধোপা বলল এটিই তোমার জামা । কারণ প্রত্যেক বার ধুলানোর সময় উহা
ক্রমশ খাট হয় । তখন সে বলল তুমি আমাকে এমন ধৌত বিদ্যা শিক্ষা
দিবে যেন জামা চাদরে পরিণত হয় ।

(৩৯) ঘটনা বর্ণিত আছে যে, জটনক পাগল তার পদদ্বয় কবরের মধ্যে ঝুলায়ে
দিত এবং মাটির মধ্যে খেলা ধূলা করত । তাকে বলা হয় এখানে তুমি কি
করছ? সে উত্তরে বলল আমি এমন কণ্ডেমের সঙ্গে উঠা বসা করি, যাদের
কাছে উপস্থিত থাকলে আমাকে কষ্ট দেয় না । আবার অনুপস্থিত থাকলে
দোষ চর্চাও করে না ।

(৪০) একদিন বাহলুল একটি মসৃণ বৃক্ষের নিকট দাড়ায়ে বলল কেউ আমাকে
অর্ধেক দিনার দিলে আমি বৃক্ষে আরোহণ করবো । মানুষ দাড়িয়ে গেল এবং
তাকে উহা দিল । সেগ্রহণ করে নিল । অতপর বলল সিঁড়ি নিয়ে আস । তার
বলল, শর্তের মধ্যে কি সিঁড়ির কথা ছিল? উত্তর দিল শর্ত কি সিঁড়ি ব্যতীত
ছিল ?

○ **تُعَلِّمُ** : বাবে **إِنْفَعَال** থেকে مضارع معروف এর সীগা । অর্থ : তুমি
শিক্ষা দিবে ।

○ **يُعْطِي** : বাবে **إِنْفَعَال** থেকে مضارع معروف এর সীগা । অর্থ : সে
দান করে ।

○ **أَصْعِدُ** : বাবে **سَبَع** থেকে مضارع معروف এর সীগা । অর্থ : আমি
আরোহণ করবো । **يَم** : অর্থ আরোহণ করানো । **عَلَى الْجَبَل** : পাহাড়ে
আরোহণ করা । **صَعِدَ فِيهِ النَّظَرُ** : উপর থেকে নিচে গভীর ভাবে তাকানো ।

○ **أَحْرَزَ** : বাবে **إِنْفَعَال** থেকে مضارع معروف এর সীগা । অর্থ : সেই
গ্রহণ করলো ।

الْبَابُ السَّادِسُ فِي الْحِكَايَاتِ

অধ্যায় : ৬ : ঘটনাবলী

حكاية (١) يُحْكِي أَنَّ كَلْبًا سَرَقَ مِنْ مَطْبَخِ صَاحِبِهِ قِطْعَةً لَحْمٍ وَذَهَبَ بِهَا إِلَى شَاطِئِ نَهْرٍ لِيَأْكُلَهَا - فَلَمَّا رَأَى ظِلَّهُ فِي الْمَاءِ فَظَنَّهُ كَلْبًا آخَرَ وَفِي فَمِهِ قِطْعَةُ لَحْمٍ فَعَزَمَ أَنْ يَخْتَطِفَهَا مِنْهُ فَوَثَبَ عَلَى الظِّلِّ وَسَقَطَتْ قِطْعَةُ اللَّحْمِ مِنْ فَمِهِ فَتَكَدَّرَ وَأَسْفَ لَأَنَّهُ أَضَاعَ الَّتِي كَانَتْ عِنْدَهُ يَدُونِ فَائِدَةٍ بَعْدَ أَنْ كَابَدَ فِي إِكْتِسَابِهَا الْمُسْقَةَ -

حكاية (٢) كَانَ صَبِيٌّ يَصِيدُ الْجَرَادَ فَنَظَرَمَرَّةً عَقْرَبًا ظَنَّ أَنَّهَا جَرَادَةٌ كَبِيرَةٌ - فَمَدَّ يَدَهُ لِيَأْخُذَهَا فَتَبَعَّدَ عَنْهَا فَقَالَتْ لَوْ أَنَّكَ قَبَضْتَنِي لَخَلَيْتُكَ عَنْ صَيْدِ الْجَرَادِ -

ষষ্ঠ অধ্যায়ঃ

বভিন্ন ঘটনা বলী সম্পর্কিত

ঘটনা (১) বর্ণিত আছে, একটি কুকুর তার মনিবের রান্না ঘর হতে এক টুকরা গোশত চুরি করে এবং উহা নিয়ে নদীরে তীরে যায় ভক্ষণ করার জন্য। যখন (নদীর তীরে গিয়ে) দাড়াল, পানির মধ্যে নিজের ছায়া দেখল। তখন সে ছায়াটিকে অন্য একটি কুকুর ভাবল। এবং তার মুখেও এক টুকরা গোশত আছে মনে করল। কুকুরটি তা নেয়ার সংকল্প করল। তাই সে পানির ছায়ার উপর ঝাপিয়ে পড়ল। ফলে স্বীয় মুখের গোশতের টুকরাটি পড়ে গেল। এতে কুকুরটির মন খারাপ হয়ে গেল। এবং সে আফসোস করল। যেহেতু সে অতিকষ্টে লুপ্ত টুকরাটিও হারালো।

ঘটনা (২) জনৈক বালক ফড়িং শিকার করত। একবার একটি বিচ্ছু দেখে ভাবল উহা একটি ফড়িং। তাই তা ধরতে হাত বাড়াল, তৎক্ষণাৎ বিচ্ছুটি দূরে সরেগেল এবং বলল যদি আমাকে ধরতে, তবে আমি তোমাকে চিরদিনের জন্য ফড়িং শিকার করা থেকে মুক্তি দিতাম।

○ بِخَطَطٍ : বাবে إِفْتِعَال থেকে مضارع এর واحد مذکر غائب এর সীগা। অর্থঃ সে ছিনিয়ে নিবে।

○ وَثَبَ : বাবে ضَرَبَ থেকে مضارع এর واحد مذکر غائب এর সীগা। অর্থঃ সে ঝাপিয়ে পড়ল।

○ سَقَطَتْ : বাবে نَصَرَ থেকে مضارع এর واحد مؤنث غائب এর সীগা। অর্থঃ সে পড়ে গিয়েছে।

حكاية (۳) يُحْكِي أَنْ امْرَأَةً كَانَتْ لَهَا دَجَاجَةٌ تَبْيِضُ كُلَّ يَوْمٍ بَيْضَةً فِضَّةً فَقَالَتِ الْمَرْأَةُ فِي نَفْسِهَا أَنَا إِن كَثُرْتُ فِي طَعْمَتِهَا تَبْيِضُ فِي كُلِّ يَوْمٍ بَيْضَتَيْنِ فَلَمَّا كَثُرَتْ فِي طَعْمَتِهَا تَشَقَّقَتْ حَوْ صَلَتْهَا فَمَاتَتْ-

حكاية (৪) يُحْكِي أَنَّ رَجُلًا اسْوَدَ نَزَعُ يَوْمًا ثِيَابَهُ وَآخِذَ الثَّلْجَ يَغْرُكُ بِهِ جِسْمَهُ فَقِيلَ لَهُ لِمَ تَغْرُكُ جِسْمَكَ بِالثَّلْجِ فَقَالَ لِعَلِّي أَبْيَضُ- فَاتَى رَجُلٌ حَكِيمٌ وَقَالَ يَا هَذَا لَا تَتَّعِبْ نَفْسَكَ لِأَنَّهُ يُمَكِّنُ أَنَّ جِسْمَكَ يَسْوَدُ الثَّلْجَ وَهُوَ لَا يَرُدُّ السَّوَادَ حكاية (৫) يُحْكِي أَنَّ صَيَّادًا اصْطَادَ دَبَّةً وَرَبَّاهَا وَصَارَ يَمْشِي بِهَا مِنْ مَكَانٍ إِلَى آخَرَ فَحَفِظَتْ حُقُوقَ التَّربِيَةِ

ঘটনা (৩) কথিত আছে, জৈনকা মহিলার একটি মুরগী ছিল সে প্রত্যহ একটি করে রূপার ডিম দিত। মহিলা মনে মনে ভাবল, যদি আমি উহাকে অধিক খাদ্য দেই তবে প্রতিদিন দুটো করে ডিম দেবে। যখন অধিক খাদ্য দিল তখন উহার পাকস্থলী ফেটে মারা গেল।

ঘটনা (৪) বর্ণিত আছে একজন কষাঙ্গ লোক তার কাপড় খুলে বরফ দিয়ে তার শরীর ডলতে লাগল। তাকে জিজ্ঞেস করা হল, তোমার শরীর বরফ দ্বারা ডলছে কেন। সে উত্তর দিল সম্ভবত আমি সাদা হয়ে যাব। ইত্যবসরে সেখানে একজন জ্ঞানী ব্যক্তি উপস্থিত হয়ে বললেন, হে বোকা তুমি নিজেই কষ্ট দিওনা। কেননা তোমার শরীর বরফকেও কাল করে দিতে পারবে, কিন্তু বরফ শরীরের কাল বর্ণ দূর করতে পারবে না।

ঘটনা (৫) কথিত আছে জৈনক শিকারী একটি ভালুক শিকার করে প্রতিপালন করত। এবং তা সাথে নিয়ে এক স্থান থেকে অন্য স্থানে ঘুরে বেড়াত ভালুকটি তার প্রতিপালন ও নেয়ামতের হক আদায় করত।

○ كَثُرْتُ : বাবে تَفْعِيلُ থেকে ماضى معروف এর واحد متكلم এর সীগা। অর্থঃ আমি অধিক দিয়েছি।

○ يَغْرُكُ : বাবে نَصَرَ থেকে ماضى معروف এর واحد متكلم এর সীগা। অর্থঃ সে ডলতেছে। মলতেছে।

○ لَا تَتَّعِبْ : বাবে سَمِعَ থেকে نهى এর واحد مذكر حاضر এর সীগা। অর্থঃ তুমি কষ্ট করিওনা।

○ اصْطَادَ : বাবে اِفْتَعَالَ থেকে ماضى معروف এর واحد متكلم এর সীগা। অর্থঃ সে শিকার করেছে।

وَالْتَّعَمَهُ وَدَامَتْ عَلَى خِدْمَةِ الصَّيَادِ وَطَاعَتِهِ وَحَفَظَهُ إِذَا نَامَ
وَمُرُورَهَا حَوْلَهُ وَقَايَةً لَهُ مِنَ الْحَشَرَاتِ الْمُؤْذِيَةِ فَاتَّفَقَ أَنَّ
الصَّيَادَ نَامَ مَرَّةً وَالذَّبَابُ تَحَرَّسَهُ عَلَى حَسْبِ عَادَتِهَا
فَسَقَطَتْ ذُبَابَةٌ عَلَى وَجْهِهِ فَمَنَعَتْهَا مِرَارًا ثُمَّ هِيَ تَرْجِعُ
فَتَسْقُطُ فَغَضِبَتْ مِنْ ذَلِكَ وَأَخَذَتْ قِطْعَةً حَجِيرٍ وَضَرَبَتْ
الذَّبَابَةَ وَهِيَ عَلَى وَجْهِهِ فَمَاتَ فِي الْحَالِ-

حكاية (٦) قِيلَ إِنَّ غَزَالًا عَطِشَ مَرَّةً فَأَتَى إِلَى عَبْنٍ مَاءٍ
لِيَشْرَبَ مِنْهَا وَكَانَ الْمَاءُ فِي جُبٍّ عَمِيقٍ فَنَزَلَ فِيهِ ثُمَّ رَأَى عَلَى
الطَّلُوعِ فَلَمْ يَقْدِرْ فَنَظَرَهُ الثَّعْلَبُ فَقَالَ لَهُ يَا أَخِي أَسَأْتَ فِي
فَعْلِكَ إِذْ لَمْ تُمَيِّزْ طُلُوعَكَ قَبْلَ نَزُولِكَ-

حكاية (٧) حَكِيَ أَنَّ ثَعْلَبًا مَرَّ فِي السَّحَرِ بِشَجَرَةٍ فَرَأَى
فَرْقَهَا دِيكًا فَقَالَ لَهُ الْآتَنِزْ لُ فَنُصَلِّيَ جُمَاعَةً.

শিকারীর সেবাযত্ন ও আনুগত্য করত। ঘুমালেও ক্ষতিকর কীট পতঙ্গ হতে তাকে হেফাযত করার জন্য তার আশ পাশে ঘুরে বেড়াত। ঘটনাক্রমে কোন এক সময় শিকারী ঘুমিয়ে পড়ল এ অবস্থায় স্থায়ী নিয়ম মারফিক ভালুকটি পাহারা দিতে থাকল। ইতমধ্যে একটি মাছি এসে শিকারীর চেহারার উপর বসল। ভালুকটি কয়েক বার বাধা দিল। তারপরও মাছি পুনরায় (চেহারার উপর) এসে বসল। এতে ভালুকটি ক্ষুদ্ধ হয়ে এক খন্ড পাথর মাছিটিকে মারল এমতাবস্থায় যে, মাছিটি তার চেহারার উপর বসা ছিল। ফলে ততক্ষণাত সে শিকারী মারা গেল।

ঘটনা (৬) কথিত আছে একদা একটি হরিণ খুব পিপাসিত হয়ে কুপের ধারে উপস্থিত হল, তা থেকে পানি পান করার জন্য। আর পানি ছিল কুপের খুব গভীরে, তাই সে উহার মধ্যেই অবতরণ করল। পরে উপরে উঠতে চাইল কিন্তু সক্ষম হল না। ততক্ষণে এক শৃগাল (এসে) তাকে দেখে বলল, ভাই তুমি তোমার কাজে ভুল করেছে। অবতরণের পূর্বে বের হওয়ার কৌশল বিবেচনা করনি কেন?

ঘটনা (৭) বর্ণিত আছে। এক শৃগাল ভোর বেলায় একটি বৃক্ষের পাশ দিয়ে যাচ্ছিল। গাছের উপর একটি মুরগী দেখে তাকে বলল, নিচে এসো না আমরা জামায়াতে নামাজ পড়ি।

○ تَحَرَّسَ : বাবে ضَرَبَ থেকে مضارع এর مؤنث غائب এর সীগা। অর্থ : সে পাহারা দিত।

○ عَطِشَ : (سَمِعَ) এর مضارع معروف এর সীগা। অর্থ : সে পিপাসিত হয়েছে।

فَقَالَ إِنَّ الْإِمَامَ نَائِمٌ خَلْفَ الشَّجَرَةِ فَأَيَقِظُهُ فَنُظِرَ الثَّغْلَبُ
فَرَأَى الْكَلْبَ نَائِمًا فَوَلَّى هَارِبًا فَنَادَاهُ الدَّبِيكُ الْأَتَاتِي
فَنُصَلِّي فَقَالَ قَدْ انْتَقَضَ وَصُورُنِي فَاصْبِرْ حَتَّى أُجِدَّهٗ-

حكاية (৪) سَكَنْتُ حَمَامَةً وَنَمَلَةً عَلَى شَاطِئِ نَهْرٍ
فَنَزَلَتِ النَّمْلَةُ لِتَشْرَبَ فَغَرِقَتْ فَأَلْقَتِ الْحَمَامَةُ سُنْبُلَةً مِّنَ
الْعُشِّ عَلَى وَجْهِ الْمَاءِ فَتَعَلَّقَتْ بِهَا النَّمْلَةُ فَحَمَلَتْهَا
الْحَمَامَةُ فَأَخْرَجَتْهَا إِلَى الْبَرِّ فَنَجَحَتْ مِنَ الْغَرَقِ-

وَفِي يَوْمٍ مِّنَ الْأَيَّامِ جَاءَ الصَّيَّادُ وَصَوَّبَ سَهْمَهُ إِلَى الْحَمَامَةِ
فَمَا كَانَ مِنَ النَّمْلَةِ إِلَّا أَنْ تَقَدَّمَتْ إِلَى الصَّيَّادِ وَقَرَضَتْهُ
فِي رِجْلِهِ فَتَشَا غُلًّا بِهَا عَنِ الْحَمَامَةِ حَتَّى طَارَتْ وَنَجَتْ-

উত্তরে মুরগী বলল গাছের পিছনেই ইমাম সাহেব নিদ্রিত আছেন। তাকে
আগে জাগ্রত কর। তখন শূগাল সেদিকে দৃষ্টিপাত করে কুকরকে ঘুমন্ত দেখতে
পেল। তৎক্ষণাৎ শূগাল দৌড়ে পালাল। ওদিক থেকে মুরগী তাকে আহবান
জানায় আস না। আমরা নামাজ পড়ি। শূগাল উত্তর দিল আমার অযু ভেঙ্গে
গেছে। অপেক্ষা করো নতুন অযু করে আসি।

ঘটনা (৮) নদীর তীরে একটি কবুতর ও একটি পিপড়া বাস করত।
একদিন পিপড়া তীরে পানি পান করতে এসে পানিতে ডুবে গেল। তা দেখে
কবুতর একটি ঘাসের ডগা পানির উপর ছেড়ে দিল। পিপড়া তাহা খুব ভাল
করে ধরল। তারপর কবুতর উহা বহন করে স্থল শুষ্ক ভূমিতে ছেড়ে দিল। ফলে
সে ডুবে মরার হাত থেকে মুক্তি পেল। আর একদিন শিকারী এসে কবুতরের
দিকে ধনুক তাক করল। তা দেখে নিমিষের মধ্যেই পিপড়া এসে শিকারীর
পায়ে কামড় দিল। উহাতে সে কবুতর থেকে বিমুখ হয়ে গেল। যার ফলে
কবুতরটি উড়ে গেল এবং মৃত্যু থেকে বেচে গেল।

○ أَيْقَظَ : বাবে إِعْطَالَ থেকে ماضি معروف এর সীগা। অর্থঃ সে
জাগ্রত করেছে। ○ نَادَى : বাবে مُفَاعَلَهُ থেকে ماضি معروف এর
সীগা। অর্থঃ সে ডেকেছে। ○ غَرِقَتْ : বাবে سَمِعَ থেকে ماضি معروف এর
সীগা। অর্থঃ সে ডুবে গিয়েছে। ○ أَلْقَتْ : বাবে إِعْطَالَ থেকে ماضি
معروف এর সীগা। অর্থঃ সে ছেড়ে দিল। ○ تَعَلَّقَتْ : বাবে
تَفَعَّلَ থেকে ماضি معروف এর সীগা। অর্থঃ সে সম্পৃক্ত
হল। ○ تَشَاغَلَ : বাবে تَفَاعَلَ থেকে ماضি معروف এর সীগা।
অর্থঃ সে সেলার সাথে) সে বিমুখ হয়ে গেল।

حكاية (৯) مُحَكِّى أَنْ سُلِّحَفَاءَ قَالَتْ لِارْتَبِ يَوْمًا لَنْضَعُ رَهَانًا عَلَى الْمَسَا بِقَةٍ بِأَخْذِهِ مَنْ يُدْرِكُ الْجَبَلَ مِنَّا قَبْلَ الْآخِرِ فُقِبِلَ مِنْهَا إِلَّا رَنْبُ بَعْدَ أَنْ سَخَّرَ بِهَا فَأَمَّا السُّلْحَفَاءُ فَلَا جِلْ ثَقِيلَ حَرٍّ كَتَمَهَا لَمْ تَكُنْ تَسْتَقِرُّ وَلَا تَتَوَانَى فِي الْجَرِيِّ فَوُصَلَتْ إِلَى الْجَبَلِ وَأَمَّا الْأَرْبُ فَلَا جِلْ خِفَتِهِ وَسُرْعَتِهِ تَوَانَى فِي الطَّرِيقِ وَنَامَ فَعِنْدَ مَا اسْتَيْقَظَ مِنْ نَوْمِهِ وَجَدَ السُّلْحَفَاءَ قَدْ سَبَقَتْ وَقُرِئَتْ مِنَ الْجَبَلِ فَسَارَ مُسْرِعًا لِيُدْرِكَهُ قَبْلَهَا فَلَمْ يَتِمَّكَ فَنَدِمَ حَيْثُ لَمْ تَنْفَعَهُ النَّدَامَةُ-

حكاية (১০) يُحَكِّى أَنْ حَدَادًا كَانَ لَهُ كَلْبٌ وَلَا يَزَالُ نَائِمًا مَا دَامَ الْحَدَادُ يَعْمَلُ شُغْلًا فَإِذَا كَانَ يَرْفَعُ الْعَمَلَ وَيَجْلِسُ هُوَ وَأَصْحَابُهُ لِيَا كُلُّوَا خُبْرًا يَسْتَيْقِظُ الْكَلْبُ فَقَالَ الْحَدَادُ يَوْمًا لِلْكَلْبِ يَا عَدِيْمَ الْحَيَاءِ لَأَتَى سَبَبُ صَوْتِ الْمَرْزَبَةِ الَّذِي يَزْعِزُّ الْأَرْضَ لَا يُوقِظُكَ وَصَوْتُ الْمَضِغِ الْخَفِيِّ الَّذِي لَا يُسْمَعُ يَنْتَبَهُكَ-

ঘটনা (৯) বর্ণিত আছে একদিন একটি কচ্ছপ খরগোশকে বলল, আস আমরা দৌড় প্রতিযোগিতার বাজি ধরি। আমাদের মধ্যে যে প্রথমে অমুক পর্বতে পৌছতে পারবে, সে উহা পুরস্কার গ্রহণ করবে। খরগোশ উপহাসের ছলেই প্রস্তাব কবুল করে নিল। অতপর কচ্ছপ শুরু থেকে ধীরে গতির জন্য কোথাও অবস্থান করেনি সস্থির থাকেনি। আর চলার মধ্যে কোন রূপ আলসেমিও করেনি স্থির থাকেনি। তাই যথাসময়ে পর্বতে গিয়ে উপনীত হল। অপর দিকে খরগোশ হালকা দেহ ও দ্রুতগামিতার ফলে পতিমধ্যে অবহেলা করে ঘুমিয়ে পড়ল। সে যখন ঘুম থেকে উঠে দেখতে পেল, কচ্ছপ তো অনেক পথ অতিক্রম করেছে এবং পর্বতের কাছেই পৌছে গেছে। তখন খরগোশ অতিদ্রুত গতিতে যাত্রা করল। তার পূর্বে পর্বতে পৌছার জন্য। কিন্তু সক্ষম হল না। পরিশেষে সে অনুতপ্ত হল। কিন্তু তখন আর অন্তাপ কোন কাজে আসল না।

ঘটনা (১০) বর্ণিত আছে, জনৈক কামারের একটি কুকুর ছিল সে যতক্ষণ পর্যন্ত কাজে লিপ্ত থাকতো। ততক্ষণ পর্যন্ত কুকুরটি নিদ্রায় নিমগ্ন থাকত। আবার যখন কামার কাজ শেষ করত এবং বন্ধু বান্ধবসহ রুটি খেতে বসত। তখন কুকুরটি জেগে উঠত। একদিন কামার কুকুরটিকে লক্ষ্য করে বলল হে নির্লজ্জ জমিন টলায়মান হাতুড়ির আঘাত তোমাকে জাগ্রত করতে পারে না। অথচ অতি ক্ষীণ চর্বনের অশ্রুত শব্দ তোমাকে সজাগ করে দেয়।

واحدمذكرغائب এর نفى جحد بلم در فعل مستقبل معروف থেকে تُفْعَلُ বাবে : لَمْ يَتِمَّكَ ০ এর সীগা। অর্থ: সে সক্ষম হল না। ০ : النَّدَامَةُ ০ বাবে سَمِعَ سَمِعَ এর মাসদার। অর্থ: অনুতাপ। ০ : يَنْتَبَهُ ০ বাবে تَفَعَّلَ থেকে مضارع معروف এর واحدمذكرغائب এর সীগা। অর্থ: সে অবগত করিয়ে দেয়।

حكاية (۱۱) حُكِيَ أَنَّ أَسَدًا مَرَّةً وَجَدَ إِنْسَانًا عَلَى الطَّرِيقِ
فَجَعَلَ يَتَشَاجَرَانِ بِالْكَلَامِ عَلَى الْقُوَّةِ وَشِدَّةِ الْبَاسِ -
وَالْأَسَدُ يَطِيبُ فِي شِدَّتِهِ وَبَاسِهِ فَنَظَرَ الْإِنْسَانُ عَلَى حَائِطِ صُورَةٍ
رَجُلٍ وَهُوَ يَخْنُقُ الْأَسَدَ فَضَحِكَ الْإِنْسَانُ فَقَالَ لَهُ الْأَسَدُ لَوْ كَانَ
السَّبَاعُ مُصَوِّرَ بَنٍ مِثْلَ بَنِي آدَمَ لَكَانَ الْأَمْرُ عَلَى عَكْسِ ذَلِكَ -
حكاية (۱۲) قِيلَ إِنَّ بَعْضَ الْبُخْلَاءِ اسْتَأْذَنَ عَلَيْهِ ضَيْفٌ
وَبَيْنَ يَدَيْهِ خُبْزٌ وَقَدَحٌ فِيهِ عَسَلٌ فَرَفَعَ الْخُبْزَ وَارَادَ أَنْ
يَرْفَعَ الْعَسَلَ لَكِنَّهُ ظَنَّ أَنَّ ضَيْفَهُ لَا يَأْكُلُ الْعَسَلَ بِلَا خُبْزٍ
فَقَالَ تَرَى أَنْ تَأْكُلَ عَسَلًا بِلَا خُبْزٍ قَالَ نَعَمْ وَجَعَلَ يُلْعَقُ
لَعَقَةً بَعْدَ لَعَقَةٍ فَقَالَ لَهُ الْبَخِيلُ وَاللَّهِ يَا أَخِي إِنَّهُ
يُحْرِقُ الْقَلْبَ قَالَ صَدَقْتَ وَلَكِنْ قَلْبُكَ -
حكاية (۱۳) قِيلَ اجْتَازَ ثَلَاثَةٌ مِنَ الْمُغْفَلِينَ بِمَنَارَةٍ
فَقَالَ الْأَوَّلُ مَا أَطْوَلَ الْبَنَائِينَ فِي الزَّمَنِ الْمَاضِي حَتَّى
وَصَلُّوا إِلَى رَأْسِ هَذِهِ الْمَنَارَةِ

ঘটনা (১১) বর্ণিত আছে এক বাঘ পতিমধ্যে জনৈক ব্যক্তিকে পেল এবং
শক্তি ও বীরত্ব নিয়ে উভয়ে বিতর্ক করছিল। বাঘ শ্রেষ্ঠত্ব ও শক্তিতে গর্ববোধ
করছিল। তখন লোকটি দেয়ালের উপর মানুষের একটি ছবি দেখতে পেল।
ছবিতে মানুষটি বাঘের গলা চেপে ধরেছে। তা দেখে লোকটি হাসল। তারপর
বাঘ লোকটিকে বলল, হিংস্র প্রাণী যদি আদম জাতির মত চিত্রকর হতো তবে
বিষয়টি সম্পূর্ণ বিপরীত হত।

ঘটনা (১২) কথিত আছে একদা একজন মেহমান জনৈক কৃপনের নিকট
যাওয়ার অনুমতি চাইলেন। তার সম্মুখে রুটি ও মধুপূর্ণ একটি পেয়ালা ছিল।
কৃপণ রুটি নিল এবং মধু টুকুও নেয়ার ইচ্ছা করল। কিন্তু ধারণা করল যে তার
মেহমান রুটি ব্যতীত মধু খাবে না। তাই জিজ্ঞেসা করল, রুটি ব্যতীত মধু
খাবেন কি। উত্তর দিল হা। অতঃপর লাগাতার চাটতে লাগল। তখন কৃপণ
আল্লাহর কসম দিয়ে বলল, হে ভাই নিশ্চয় উহা কলিজাকে জালিয়ে দিবে।।
মেহমান বলল ঠিক বলেছেন তবে আপনার কলিজা

ঘটনা (১৩) কথিত আছে, তিন নিবোধ একটি সুউচ্চ মিনারার পাশ দিয়ে
যাচ্ছিল। প্রথমজন বলল, প্রাচীন কালের নির্মাতারা কতই না লম্বা ছিল যে,
এত সুউচ্চ লম্বা মিনার পর্যন্ত পৌছেছিল।

○ يَتَشَاجَرَانِ : বাবে تَغَاوَلَا থেকে مضارع معروف এর সীগা। অর্থঃ তারা উভয়ে
বিতর্ক করছে। ○ اسْتَأْذَنَ : বাবে اسْتَفْعَلَ থেকে ماضى معروف এর সীগা। অর্থঃ
সে অনুমতি চেয়েছে। ○ ظَنَّ : বাবে ظَنَرَ থেকে ماضى معروف এর সীগা। অর্থঃ সে
ধারণা করেছে। ○ يُلْعَقُ : বাবে لَعَقَ থেকে مضارع معروف এর সীগা। অর্থঃ সে
গলধ করণ করেছে।

فَقَالَ الثَّانِي يَا أَبْلَهُ لَيْسَ الْأَمْرُ كَمَا زَعَمْتَ لَكِنْ
عَمِلَوْهَا عَلَى وَجْهِ الْأَرْضِ وَأَقَامُوهَا- فَقَالَ الثَّالِثُ
يَا جُهَاًلَ كَانَتْ هَذِهِ بَيْتًا فَأَنْقَلَبْتُ مَنَارَةً-

حكاية (১৫) حَكَى أَنْ بَعْضَ الْأَسَدِ لَمَّا مَرَّ بِضِ عَادَتِهِ السَّبَاعِ إِلَّا
الْتَعَلَّبَ فَنَمَّ عَلَيْهِ الذَّنْبُ فَقَالَ لَهُ إِذَا حَضَرَ فَأَعْلِمْنِي فَأُخْبِرُ
بِذَلِكَ التَّعَلُّبِ فَلَمَّا حَضَرَ أَعْلَمَهُ فَقَالَ الْأَسَدُ أَيْنَ كُنْتَ إِلَى
الْآنَ قَالَ فِي الطَّلَبِ الدَّوَائِي لَكَ قَالَ فَبَايَ شَيْئِي أَصَبْتَ- قَالَ
خُرْزَةُ فِي سَاقِ الذَّنْبِ - يَنْبَغِي أَنْ تُخْرِجَ- فَضَرَبَ الْأَسَدُ
بِمَخَالِبِهِ فِي الذَّنْبِ وَأَنْسَلَ التَّعَلُّبُ مِنْ هُنَالِكَ - فَمَرَّ بِهِ
الذَّنْبُ بَعْدَ ذَلِكَ وَدَمُهُ يُسِيلُ فَقَالَ لَهُ التَّعَلُّبُ يَا صَاحِبَ الْخَفِّ
الْأَخْمَرِ إِذَا قَعَدْتَ عِنْدَ الْمُلُوكِ فَانْظُرْ مَاذَا يُخْرِجُ مِنْ رَأْسِكَ

দ্বিতীয় জন বলল, হে বোকা বিষয়টি তোমার ধাণানুরূপ নয়। বরং তারা জমিনের উপর নির্মাণ করে উহাকে উপরে খাড়া করে দিয়েছিল। তৃতীয়জন বলল, হে নিবোধের দল, ইহা মূলত একটি কূপ ছিল। তারপর মিনারে পরিণত হয়েছে। ঘটনা (১৪) বর্ণিত আছে একটি বাঘ অসুস্থ হলে শৃগাল ব্যতীত বনের সকল প্রাণীই তার সেবা যত্ন করল। তাই নেকড়ে বাঘ তার সমালোচনা করল। তখন বাঘ বলল সে উপস্থিত হলে আমাকে সংবাদ দেবে। শৃগাল যখন উপস্থিত হলো। বাঘকে অবহিত করা হল। বাঘ জিজ্ঞেস করল। তুমি এ যাবত কোথায় ছিলে। উত্তর দিল ঔষধ অনুসন্ধানে ছিলাম। বলল, কি জিনিস পেয়েছ? জবাব দিল নেকড়ে বাঘের পায়ের গোছার মগজ। তা বের করা দরকার। অতঃপর বাঘ নেকড়ের পায়ের গোছায় থাবা বসাল। আর শৃগাল এখান থেকে প্রস্থান করল। অতঃপর নেকড়ে শৃগালের পাশ দিয়ে যাচ্ছিল এবং তার থেকে রক্ত ঝরছিল। তখন শৃগাল বলল, এ লাল মোজা পরিহিত। যখন রাজা বাদশাহদের দরবারে বস, তখন একটু ভাবিও যে, নিজের মগজ হতে কি বের হচ্ছে।

○ انْقَلَبْتُ : বাবে اِنْفَعَال থেকে ماضি معروف এর ঐক্য মুঠ গান্ধ এর সীগা। অর্থঃ সে পরিবর্তন হয়েছে। ○ مَرَّضَ : বাবে سَمِعَ থেকে ماضি معروف এর ঐক্য মুঠ গান্ধ এর সীগা। অর্থঃ সে অসুস্থ হয়েছে। ○ نَمَّ : বাবে نَمَّ থেকে ماضি معروف এর ঐক্য মুঠ গান্ধ এর সীগা। অর্থঃ সে চোঁগলখুলী করেছে, সমালোচনা করেছে। ○ أَنْسَلَ : বাবে اِنْفَعَال থেকে ماضি معروف এর ঐক্য মুঠ গান্ধ এর সীগা। অর্থঃ চূপিসারে সরে পড়া। ○ رَمَتْ : বাবে تَفَعَّلَ থেকে ماضি معروف এর ঐক্য মুঠ গান্ধ এর সীগা। অর্থঃ সে (একঃ মঃ) লালন পালন করেছে।

حكاية (۱۵) قِيلَ إِنَّ عَجُوزًا أَخَذَتْ جِرْوَ ذَنْبٍ صَغِيرٍ وَرَتَّاهُ
 بِلَبْنِ الشَّاةِ فَلَمَّا كَبُرَ قَتَلَ شَا تَهَا فَأَنْشَدَتْ تَقُولُ-
 قَتَلْتُ شَوْبَهَتَيَّ وَفَجَعْتُ قَلْبِي : وَأَنْتَ لِشَاتِنَا ابْنُ رَيْبٍ
 غُذِيتَ بِدَرِّهَا وَغُذِرْتَ فِيهَا : فَمَنْ أَبَاكَ أَنْ أَبَاكَ ذَنْبُ
 إِذَا كَانَ الطَّبَاعُ طَبَاعَ سُوءٍ : فَلَا دَبَّ يُفِيدُ وَلَا أَدِيْبُ-
 حكاية (۱۶) قِيلَ إِنَّ الْحَجَّاجَ خَرَجَ يَوْمًا مُتَنَزِّهًا فَلَمَّا فَرَّغَ
 مِنْ تَنَزُّهِهِ انْصَرَفَ عَنْهُ أَصْحَابُهُ وَانْفَرَدَ بِنَفْسِهِ فَإِذَا هُوَ
 بِشَيْخٍ مِنْ عَجَلٍ فَقَالَ لَهُ مَنْ أَيْنَ أَيُّهَا الشَّيْخُ؟ قَالَ مِنْ هَذِهِ
 الْقَرْيَةِ- قَالَ كَيْفَ تَرَوْنَ عَمَّالَكُمْ؟ قَالَ شَرُّ عَمَّالٍ يُظْلِمُونَ
 النَّاسَ وَيَسْتَحِلُّونَ أُمُو الْهُم- قَالَ كَيْفَ قَوْلُكَ بِالْحَجَّاجِ
 قَالَ ذَالِكَ مَا وَلَّى الْعِرَاقَ أَشْرُ مِنْهُ - فَبَحَّه اللَّهُ تَعَالَى وَقَبَّحَ
 مِنْ اسْتَعْمَلَهُ- قَالَ اتَّعَرَّفُ مَنْ أَنَا؟ قَالَ لَا، قَالَ الْحَجَّاجُ،

ঘটনা (১৫) কথিত আছে, জনৈকা বৃদ্ধা নেকড়ে বাঘের একটি কচি বাচ্চা নিয়ে আসে এবং বকরীর দুধ দ্বারা তাকে লালন পালন করে। (বাচ্চাটি)বড় হয়ে বকরীটিকে হত্যা করে। তখন আক্ষেপে বুড়ি কবিতার তিনটি চরণ আবৃত্তি করে। ১। তুমি আমার প্রিয় বকরীটি হত্যা করে আমার কলিজায় আঘাত দিয়েছ অথচ তুমি ঐ বকরীর দুধ দ্বারাই প্রতিপালিত। ২। উহার দুধ তোমাকে পন করান হয়েছে অথচ তার সাথে বিশ্বাসঘাতকতা করলে। কে তোমাকে অবহিত করেছে যে, তোমার পিতা নেকড়ে বাঘ ছিল। ৩। যখন স্বভাব মন্দ হয় তখন না আদব কায়দা উপকারে আসে না কোন শিক্ষাগুরু।

ঘটনা (১৬) কথিত আছে, একদিন হাজ্জাজ প্রমোদ ভ্রমণে বের হলেন। ভ্রমণ থেকে অবসর হওয়ার পর যখন সভাসদরা চলে গেল এবং নিজেও একাকী হলেন, তখন ইজল গোত্রের এক বায়োঃবৃদ্ধ ব্যক্তির সঙ্গে তার সাক্ষাত হয়। তিনি জিজ্ঞেস করলেন, জনাব আপনি কোথেকে এসেছেন। উত্তর দিলেন এই গ্রাম থেকেই। জিজ্ঞেস করলেন সরকারী কর্মকর্তা কর্মচারীদের সম্পর্কে আপনাদের মতামত কি। বললেন তারা নিকৃষ্ট কর্মচারী মানুষকে অত্যাচার করে এবং তাদের অর্থ সম্পদ (আত্মসাথ করাকে) বৈধ মনে করে। বললেন হাজ্জাজ সম্পর্কে আপনার কি মতামত? বললেন, ইরাকে অধিষ্ঠিত শাসকদের মধ্যে তার মত নিকৃষ্ট ও অপদার্থ শাসক দ্বিতীয় আর কেউ ছিল না। আলাহ তাকে ও তার নিযুক্ত গর্ভগ্নরদেরকে নিপাত করুক। বললেন, আপনি জানেনকি আমি কে? বৃদ্ধ বললেন, না। বললেন আমিই তো হাজ্জাজ।

○ مُتَنَزِّهًا (تَفَعَّلَ) থেকে: اسم فاعل এর সীগা। অর্থঃ প্রমোদ ভ্রমণ করি।
 ○ انْفَرَدَ : বাবে اِنْفِعَال থেকে: اسم فاعل এর সীগা। অর্থঃ সে একাকী হয়েছে।

فَقَالَ أَتَعْرِفُ مَنْ أَنَا قَالَ لَا ، قَالَ أَنَا مَجْنُونٌ بَنَى عَجَلٍ أَصْرَعُ
كُلَّ يَوْمٍ مَرَّ تَيْنِ ، فَضَحِكَ الْحَجَّاجُ وَأَمَرَهُ بِصَلَةِ جَلِيلَةٍ -

হকান (১৭) قِيلَ إِنَّ بَعْضَ الْحُكَمَاءِ لَزِمَ بَابَ كِسْرَى فِى
حَاجَةٍ دَهْرًا فَلَمْ يَلْتَفِتْ إِلَيْهِ فَكَتَبَ أَرْبَعَةَ أَسْطُرٍ فِى رُقْعَةٍ
وَدَفَعَهَا لِلْحَاجِبِ فَكَانَ السَّطْرُ الْأَوَّلُ: الضَّرُورَةُ وَالْأَمَلُ
أَقْدَمَانِى إِلَيْكَ- وَالسَّطْرُ الثَّانِى: الْعِدِيمُ لَا يَكُونُ مَعَهُ صَبْرٌ
عَنِ الْمُطَالَبَةِ وَالسَّطْرُ الثَّلَاثُ: الْإِنْصِرَافُ بِغَيْرِ شَيْءٍ شِمَاتَةٌ
الْأَعْدَاءِ وَالسَّطْرُ الرَّابِعُ: أَمَّا نَعَمْ مُثْمَرَةٌ وَأَمَّا لَا مَرِ بَحَةً-
فَلَمَّا قَرَأَهَا كِسْرَى دَفَعَ لَهُ بِكُلِّ سَطْرٍ أَلْفَ دِينَارٍ -

হকান (১৮) قِيلَ نَزَلَ رَجُلٌ مِّنَ الْأَكْثَالِيْنَ بِصَوْمِ مَعَةٍ زَاهِبٍ
فَقَدَّمَ لَهُ أَرْبَعَةَ أَرْغِفَةٍ وَذَهَبَ لِيُحْضِرَ لَهُ عَدَسًا فَحَمَلَهُ
وَجَاءَهُفَوَجَدَهُ أَكَلَ الْخُبْزَ فَذَهَبَ وَأَتَى إِلَيْهِ بِالْخُبْزِ فَوَجَدَهُ أَكَلَ
الْعَدَسَ فَفَعَلَ ذَلِكَ مَعَهُ عَشْرَ مَرَّاتٍ -

বুদ্ধ ও জিজ্ঞাসা করলেন, আপনি জানেন কি আমি কে? হাজ্জাজ বললেন, না।
তখন তিনি বললেন, আমি ইজল গোত্রের একজন পাগল। দৈনিক দুইবার
পাগল হই হাজ্জাজ হাসলেন এবং তাকে মোটা অংকের উপটোকন দেয়ার আদেশ
দিলেন। প্রথম লাইনে ছিল প্রয়োজন ও প্রত্যাশা আমাকে আপনার নিকট
অগ্রসর হতে বাধ্য করেছে। দ্বিতীয় লাইনে ছিল। সম্বলহীন ব্যক্তি তার
প্রয়োজনীয় তা ও চাহিদার উপর ধৈর্য্য ধরতে পারে না। তৃতীয় লাইনে ছিল,
কোন কিছু ব্যতীত (খালি হাতে) প্রত্যাবর্তণ করানো শত্রুকে খুশী করার ন্যায়।
চতুর্থ লাইনে ছিল, হয়তো ফলপ্রসূ হাঁ, বা আরামাদায়ক না। যখন কেসরা
(পারস্য সম্রাট) তা পড়লেন, তখন তাকে প্রতি লাইনের বিনিময়ে এক হাজার
দীনার দান করলেন।

ঘটনা (১৮) কথিত আছে জনৈক পেটুক এক পাদ্রীর গীর্জায় মেহমান হয়েছিল।
পাদ্রী তার সম্মুখে চারটি রুটি পেশ করে ডাল আনতে গেলেন। ডাল নিয়ে এসে
দেখেন, রুটি খাওয়া শেষ। আবার গিয়ে রুটি আনলেন। এবার দেখেন ডাল
শেষ। এভাবে দশবার এমন ঘটনা ঘটালেন।

⊙ مُثْمَرَةٌ : বাবে اَفْعَال থেকে اسم فاعل এর واحد مؤنث এর সীগা। অর্থঃ ফলদার।

⊙ الْأَكْثَالِيْنَ : বাবে نَصَرَ থেকে اسم فاعل এর جمع مذکر এর সীগা। অর্থঃ সকল রক্ষনকারী

فَسَأَلَهُ الرَّاهِبُ أَيَّنَ مَقْصِدُكَ، قَالَ إِلَى الرَّيِّ، فَقَالَ لَهُ لِمَ قَصَدْتَ، قَالَ بَلَّغْنِي أَنَّ بِهَا طَيِّبًا حَازِقًا أَسْأَلُهُ عَمَّا يُصْلِحُ مَعْدَتِي فَإِنِّي قَلِيلُ الْإِسْتِهَاءِ لِلطَّعَامِ؛ قَالَ لَهُ الرَّاهِبُ إِنَّ لِي إِلَيْكَ حَاجَةً- قَالَ مَا هِيَ؟ قَالَ إِذَا ذَهَبْتَ إِلَى الطَّيِّبِ وَصَلَحَتْ مَعْدَتُكَ فَلَا تَجْعَلَ رُجُوعَكَ إِلَيَّ ثَانِيًا-

حكاية (১৭) ذَكَرَ فِي بَعْضِ التَّوَارِيخِ أَنَّ بَعْضَ الْأَعْرَابِ فِي الْبَادِيَةِ أَصَابَتْهُ حُمَّى فِي أَيَّامِ الْقَيْظِ فَآتَى الْأَبْطَحَ وَقَتَ الظَّهِيرَةِ فَتَعَرَّى فِي شَدِيدِ الْحَرِّ وَطَلَى بَدَنَهُ بِزُرَّتٍ وَجَعَلَ يَتَّقَلَّبُ فِي الشَّمْسِ عَلَى الْحَصَى وَقَالَ سَوْفَ تَعْلَمِينَ يَا حُمَّى مَا نَزَلَ بِكَ وَيَمْنُ ابْتُلَيْتِ، عَدَلْتِ عَنِ الْأُمَرَاءِ وَأَهْلِ الثَّرَاءِ وَنَزَلْتِ بِي، وَمَا زَالَ يَتَمَرَّغُ حَتَّى غَرِقَ وَذَهَبَتْ حُمَاهُ وَقَامَ،

তখন প্রাদী জিজ্ঞেস করলেন। তোমার উদ্দেশ্য কি। বলল রায় নামক স্থানে যাব। বললেন। ওখানে যাবার চাও কেন। বলল সংবাদ পেয়েছি যে সেখানে একজন অভিজ্ঞ কবিরাজ আছেন আমার পাকস্থলী ঠিক হবে কিনা এ বিষয়ে তাকে জিজ্ঞেস করব।

কারণ আমার খাদ্য চাহিদা রুচি কম। প্রাদী বললেন, তেমার নিকট আমার বিশেষ প্রয়োজন আছে। বলল কি। বললেন কবিরাজের নিকট যাওয়ার পর যখন তোমার পাকস্থলী ঠিক হবে, তখন আর আমার নিকট দ্বিতীয়বার প্রত্যাবর্তন করবে না।

ঘটনা (১৯) ইতিহাস আছে উল্লেখ আছে, জনৈক গ্রাম্য বেদুইন প্রচন্ড গরমের দিনে জরাজীর্ণ হয়, তাই জোহরের (দুপুরের) সময় সে মরু ভূমিতে আসে এবং প্রচন্ড গরমে বিবস্ত্র হয়ে তৈল দ্বারা তার শরীর মালিশ করে। এবং রৌদ্রে প্রস্তরের উপর গড়াগড়ি করতে লাগল। অতঃপর বলতে থাকে অচিরে জানতে পাবে হে জুর তোমার কি দশা হবে। তার সঙ্গে তুমি জড়িত হয়েছে? বাদশাহ ও বিস্তবানদের ত্যাগ করে আমার নিকট এসো। এভাবে অনেকক্ষণ গড়াগড়ি করতে করতে ঘর্মাসিক্ত হয়ে জুর চলেগেল এবং সে উঠে দাড়াল।

○ تَعَرَّى : বাবে يَقَعْل (আক) معرر, معرر, معرر এর সীমা। অর্থ: সে বিবস্ত্র হয়েছে।

○ ابْتُلَيْتِ : বাবে اِسْعَالَ (আক) معرر, معرر, معرر এর সীমা। অর্থ: তুমি জড়িত হয়েছে।

وَسَمِعَ فِي الْيَوْمِ الثَّانِي قَائِلًا قَدْ حُمِيَ الْأَمِيرُ بِالْأَمْسِ
فَقَالَ الْأَعْرَابِيُّ أَنَا وَاللَّهِ بَعَثْتُهَا إِلَيْهِ ثُمَّ وَلَّى هَارِبًا .
حكاية (২০) يُرَوَّى أَنَّهُ كَانَ لِبَعْضِ الْمُلُوكِ شَاهِيْنٌ وَكَانَ مُوَلِّعًا
بِهِ فُطَارَ يَوْمًا وَوَقَعَ عَلَى مَنْزِلٍ عَجُوزٌ فَلَزِمَتْهُ فَلَمَّا رَأَتْ مِنْقَارَهُ
مُعَوِّجًا قَالَتْ هَذَا لَا يَقْدِرُ أَنْ يَلْقَطَ الْحَبَّ فَقَصَّتْهُ بِالْمِقْصِ - ثُمَّ
نَظَرَتْ إِلَى مَخَالِبِهِ وَطُولِهَا فَقَالَتْ وَأَظَنُّهُ لَا يَسْتَطِيعُ الْمَشْيَ
فَقَصَّتْهَا وَتَحَكَّمَتْ فِيهِ شَفَقَةً عَلَيْهِ بِزَعَمِهَا وَأَهْلَكَتْهُ مِنْ
حَيْثُ أَرَادَتْ نَفْعَهُ - ثُمَّ إِنَّ الْمَلِكَ بَذَلَ الْجَعَائِلَ لِمَنْ يَأْتِيهِ
بِخَبْرِهِ فَوَجَدُوهُ عِنْدَ الْعَجُوزِ فَجَاؤُا بِهِ عِنْدَ الْمَلِكِ فَلَمَّا رَأَى
حَالَهُ قَالَ آخِرَ جُودِهِ وَنَادَوْا هَذَا جَزَاءُ مَنْ أَوْقَعَ نَفْسَهُ عِنْدَ مَنْ
لَا يَغْفِرُ قَدْرَهُ -

পরের দিন সে শুনতে পেল যে, গতকাল আমীর জরাজীর্ণ হয়েছে। তখন বেদুইন বলল আল্লাহর কসম আমি জ্বরকে তার নিকট পাঠিয়েছি। অতপর লোকটি সেখান থেকে পলায়ন করে চলে গেল।

ঘটনা (২০) বর্ণিত আছে জনৈক বাদশাহর একটি বাজ পাখি ছিল। তিনি হার প্রতি আশক্ত ছিলেন। পাখিটি উড়ে একদিন এক বৃদ্ধার বাড়ীতে যায়। অতঃপর বৃদ্ধা তাকে আটক করে যখন দেখল। তার ঠোঁটটি বক্র, তখন মনে মনে ভাবল ইহা দানা খুটে খেতে সক্ষম হবে না। তাই কাচি দ্বারা ঠোঁটটি কেটে দিল। অতঃপর তার লম্বা নখর দেখে ভাবল, আমার ধারণা উহা চলতে পারে না। অতঃপর তাও কেটে দিল। সে তার ধারণানুযায়ী স্নেহ প্রদর্শন করল এবং উপকার করতেগিয়ে তাকে ধ্বংস করে দিল। ঐ দিকে বাদশাহ ইহার সংবাদ দানকারিকে পুরস্কার দেয়ার ঘোষনা দিলেন। লোকেরা পাখিটি বৃদ্ধার নিকট পেয়ে বাদশাহর দরবারে নিয়ে গেল। তিনি তার করুণ দশা দেখে আদেশ দেন উহাকে ছেড়ে বের করে দাও এবং ঘোষনা করে দাও যে এটাই প্রতিদান যে নিজেকে এমন ব্যক্তির নিকট পতিত করে যে তার কদর (মর্যাদা) জানে না।

○ لَا يَقْدِرُ : বাবে ضَرَبَ থেকে نفى مضارع معروف এর সীগা। অর্থঃ সে সক্ষম নয়।

○ لَا يَسْتَطِيعُ : বাবে اسْتَطَاعَ থেকে نفى مضارع معروف এর সীগা। অর্থঃ সে পারে না। সে সক্ষম নয়।

